

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০২.২৫.১৯১.২৩. ৩১০

তারিখ : ১৩ আগস্ট ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রতিবন্ধী নাগরিকদের অধিকার সচেতনতায় গণমাধ্যমের ভূমিকা” শীর্ষক সেমিনার ১৩ আগস্ট ২০২৩ খ্রি. রবিবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ভাস্কর ভট্টাচার্য, ন্যাশনাল কনসালট্যান্ট-অ্যাকসেসেবিলিটি, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়। এ টু আই এর প্রোগ্রাম স্পেশালিস্ট মানিক মাহমুদ, এ টু আই এর কনসালটেন্ট এম এম তরিকুল হক এবং দৈনিক ইত্তেফাক এর মহিলা অঞ্জন এর সম্পাদক রাবেয়া বেবি আলোচনায় অংশ নেন। সেমিনারটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ।

প্রধান আলোচক তাঁর বক্তৃতায় প্রতিবন্ধিতার সংজ্ঞা, ধারণা, মডেল, জাতীয় আইন ও আন্তর্জাতিক কনভেনশন, সফল প্রতিবন্ধী ব্যক্তিদের নাম, স্ক্রিন রিডিং সফটওয়্যার, অ্যাকসেসেবিলিটি টুল, মাল্টিমিডিয়া টকিং বই, অ্যাক্সেসযোগ্য অভিধান, সাংবাদিক হিসাবে প্রতিবন্ধীদের জন্য করণীয় ও ভুল ধারণাসমূহ, প্রতিবন্ধী নাগরিকবান্ধব ডিজিটাল সেবা: প্রেক্ষিত স্মার্ট বাংলাদেশ নিয়ে আলোচনা করেন।

দেশের প্রত্যাশিত উন্নয়ন অর্জন করতে হলে স্বাভাবিক জীবনযাপনে প্রতিবন্ধী জনগোষ্ঠীকে একীভূত করার কোনো বিকল্প নেই বলে সেমিনারে অভিমত ব্যক্ত করা হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক প্রতিবন্ধী নাগরিকদের অধিকার সুরক্ষায় গণমাধ্যম কর্মীদের সক্রিয় ও কার্যকর ভূমিকা পালনের আহ্বান জানান। পাশাপাশি, প্রতিবন্ধী ব্যক্তিদের সাফল্যের ঘটনাগুলো গণমাধ্যমে উপস্থাপনের আহ্বান জানানো হয়।

অন্যান্যের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ কে এম আজিজুল হক, সেমিনারের পরিচালক সুমনা পারভীন এবং সমন্বয়ক সাইফুনাহার তন্নী সেমিনারে উপস্থিত ছিলেন। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর এবং সরকারি ও বেসরকারি মিডিয়ার ৬০ জন প্রশিক্ষণার্থী সেমিনারে অংশগ্রহণ করেন।


২০.৬.২৩
আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।